দৈনিক খবর

তারিখ 23 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

# ভার্সিটি ক্যাম্পাসে অধিকাংশ সন্ত্রাসী ঘটনার সূত্রপাত

— ভিসি

।। ষ্টাফরিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা গতকাল রোববার বিজ্ঞান অনুষদের প্রথম বর্ষের ছাত্র-ছাত্রীদের 'পরিচিতি' কর্মসূচী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় বলেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসের প্রধান কারণ হচ্ছে নির্মাণ কাজ। টেন্ডার নিয়েই অধিকাংশ সন্ত্রাসী কার্যকলাপের সূত্রপাত হয়। তিনি সবাইকে সন্ত্রাস দূর করার জন্য আন্তরিক হওয়ার আহবান জানান।

টি এস সি অডিটোরিয়ামে আয়োজিত

*শেষ পৃষ্ঠায় ৮ম কলামে*

## ভার্সিটি ক্যাম্পাসে

*প্রথম পৃষ্ঠার পর*

পরিচিতি অনুষ্ঠানে ছাত্র নির্দেশনা ও পরামর্শ দান দফতরের পরিচালিকা কামরুন্নেসা চৌধুরীর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন অধ্যাপক মোঃ মসিহুজ্জামান, অধ্যাপক শামসুল হক মোল্লা, ডঃ মফিজুল মান্নান, ডঃ এ আই এম মোস্তফা, ডঃ রেজাউল করিম মজুমদার, মাহবুবুর রহমান, আবদুল লতিফ, রেজাউল করিম, জুয়েল রায়, জসীম উদ্দিন, মনিরুল ইসলাম ও মনজুর হোসেন।

উপাচার্য বিশ্ববিদ্যালয়ের গৌরবোজ্জ্বল ঐতিহ্যের কথা উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের সকল সুযোগের সদ্ব্যবহারের জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানিয়ে বলেন, সেশন জটের মতো কঠিন ব্যাধির হাত থেকে রেহাই পেতে হলে পরীক্ষা পেছনোর দাবী নিয়ে প্রশাসনের কাছে আসা চলবে না।

বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মোঃ মসিহুজ্জামান নবাগতদের বিশ্ববিদ্যালয় থেকে তথ্য ও জ্ঞান আহরণের সাথে সাথে মানবিক গুণাবলী অর্জনের আহবান জানান।